

Gradation in geography (পর্যায়ন)

- **G.k Gilbert 1876** খ্রিস্টাব্দে ক্ষয়চক্রের আলোচনার সময় প্রথম **Grade** শব্দটি ব্যবহার করেন ।
- পর্যায়ন কথাটি প্রথম ব্যবহার করেন **Chamberlin** ও **Salisbury** (1904 সালে) ।

- পর্যায়ন কাকে বলে : ক্ষয়, বহন ও সঞ্চয়কার্যের মাধ্যমে অসমতল এবং বন্ধুর ভূপ্রকৃতি সমতলভাগে পরিণত হওয়ার প্রক্রিয়াকে বলা হয় পর্যায়ন । এক কথায়, আরোহন ও অবরোহন এর সম্মিলিত ফল হল পর্যায়ন ।
- অবরোহন + আরোহন = পর্যায়ন ।

- প্রক্রিয়া : পর্যায়ন দুটি প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হয় একটি অবরোহন এবং অন্যটি আরোহন ।

❑ **অবরোহণ (Degradation)** : অবরোহন কথার অর্থ হল কোন ভূমি ভাগের 'উচ্চতা হ্রাস পাওয়া' । বহির্জাত শক্তিগুলির প্রভাবে বিশেষত ক্ষয়কারী শক্তিগুলির প্রভাবে যখন কোন উচ্চভূমি ক্রমাগত ক্ষয়প্রাপ্ত হয়ে অবনমিত হতে থাকে তখন সেই প্রক্রিয়াকে অবরোহন বলে ।

❑ **আরোহণ (Aggradation)** : Aggradation শব্দের অর্থ 'উপরে ওঠা' । বহির্জাত শক্তিগুলির সঞ্চয়কার্যের প্রভাবে ভূপৃষ্ঠের কোন নিচু স্থান ভরাট প্রাপ্ত হয়ে যখন ভূমির উচ্চতা বৃদ্ধি পায় তখন সেই প্রক্রিয়াকে আরোহণ বলে ।